বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১	বাণিজ্য মন্ত্রণালয়	০২	০	২	-	১	১	-	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০২ *(২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ০২টির মধ্যে ০২টি পরিদর্শন করা হয়েছে)।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৩) প্রকল্প গ্রহণের সময় সুদুঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.১	মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি পেয়েছে ২২০.১৫% ও মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩.২২%। ভবিষ্যতে মূল অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প সম্পাদনের জন্য মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা আব্যশক।	৩.১	অনুমোদিত মেয়াদ ও ব্যয়ের মধ্যে প্রকল্প সম্পাদনের জন্য মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য কার্যকারী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩.২	প্রকল্পে সংগৃহীত যানবাহন ও যন্ত্রপাতি বিদ্যমান সরকারি বিধি বিধান অনুযায়ী পরিবহন পুলে জমা দিতে হবে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থা আইএমইডিকে অবহিত করতে হবে;	৩.২	ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির সাথে সাথে ক্রয়কৃত সকল যানবাহন ও যন্ত্রপাতি পরিবহন পুলে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে।
৩.৩	প্রকল্প সম্পাদনপূর্বক অডিট কাজ দ্রুত সম্পন্ন করা;	৩.৩	প্রকল্প সম্পাদনপূর্বক অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থ নিতে হবে ;
৩.৪	প্রকল্পের আওতায় সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের সুপারিশ অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।	৩.৪	প্রকল্পের আওতায় সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের সুপারিশ অনুসারে প্রকল্প সংশ্লিষ্ট দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রণণ করতে হবে।
৩.৫	ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন করা		প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য ঘন ঘন পরিচালক পরিবর্তন না করার বিষয়ে ব্যবস্থ গ্রণহ করতে হবে।

Promotion of Social and Environmental Standards in the Industry III (PSES-III) Project শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

১। প্রকল্পের নাম: Promotion of Social and Environmental Standards in the Industry III (PSES-III) Project

২। প্রকল্পের ধরন: কারিগরি সহায়তা।

৩। অর্থায়নের উৎস: জিওবি ও প্রকল্প সাহায্য।

৩.১। উন্নয়ন সহযোগী: জার্মান সরকার (GIZ)।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বাণিজ্য মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: বাণিজ্য মন্ত্রণালয় ও জিআইজেড।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৬৮৩৯.০০	৯০.০০	৬৭৪৯.০০	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	০১/০৩/২০১৮	২২০.১৫ লক্ষ টাকা বা ৩.২২%	
১ম সংশোধিত	৭১৪৩.০০	১০০.০০	৭০৪৩.০০	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	০১/০৪/২০১৯		
প্রকৃত ব্যয়	৭০৫৯.১৫	১৬.১৫	৭০৪৩.০০	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০			

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ২২০.১৫ লক্ষ টাকা (৩.২২%)।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: প্রযোজ্য নয়।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

Name of the Component	Unit	As per RTAPP		Cumulative Progress upto June 2020	
		Quantity	Cost	Quantity	Cost
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
Revenue Component:					
GoB Staff (in kind)	mm	3.00	50.00	30	40.00
National Human Resources	mm	495	1105.00	486	1105.00
National (need based) expert/consutlant	mm	90	268.00	87	265.00
Travel Expenses/Cost			262.00		258.00

Name of the Component	Unit	As per RTAPP		Cumulative Progress upto June 2020	
		Quantity	Cost	Quantity	Cost
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
Fuel & Gas	Nos	6	250	3	248.00
Local Training		164	650.00	157	648.00
Foreign Training		2	350.00	3	340.00
Study Tour		1	300.00	3	298.00
Seminar Conference		7	200.00	6	196.00
Workshop		5	200.00	5	196.00
Hiring Vehicles		4	200.00	4	192.00
Other cost for operational Expenses/Management	months	30	212.00	24	210.00
Consultancy					
International Human Resources	mm	120	816.00	105	816.00
International (need based) expert/consultant	mm	30	410.00	25	398.00
Miscellaneous- Office rent, Stationaries and Office running costs	mm	30	300.00	28	297.00
Research/Financial Grant	Nos	12	750.00	12	772.00
Capital Component:					
Vehicle for Fire Brigade	Nos	3	500.00	3	500.00
Laboratory Equipment	Nos	4	170.00	3	170.00
Computer and related accessories, electric equipment and Software			50.00		49.00
Office equipement, Telecommunications and Furniture			50.00		49.00
CD-VAT (GoB)			50.00		12.15
Total	**985.00**		**7143.00**		**7059.15**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সংশোধিত টিএপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের সংশোধিত আরটিএপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরজমিনে পরিদর্শন;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ বস্ত্র, তৈরি পোশাক ও চামড়া শিল্পে টেকসই উন্নয়ন সাধন করা;
- ❖ "Shared responsibility cooperation model" এর মাধ্যমে Sustainability management মডেল স্থাপন করা;
- ❖ নাগরিক সমাজকে শক্তিশালী করা এবং
- ❖ শ্রম বাজারে পিছিয়ে পড়া শ্রমিকদের মান উন্নয়ন করা।

১০। মূল প্রকল্পটি ৬৮৩৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ থেকে জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০১/০৩/২০১৮ তারিখে অনুমোদিত হয়। পরবর্তিতে ১ম সংশোধিত প্রকল্পের ব্যয় ৭১৪৩.০০ লক্ষ টাকা নির্ধারণ ও বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৮ থেকে জুন, ২০২০ অপরিবর্তিত রেখে প্রকল্প সংশোধন করা হয়েছে। উল্লেখ্য, GIZ এর অনুদানে ইত:পূর্বে বাণিজ্য মন্ত্রণালয়ে ১ম ও ২য় পর্যায়ে PSES-I ও PSES-II শীর্ষক ২টি কারিগরি সহায়তা প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

১১। প্রকল্প পরিদর্শন: সমাপ্ত প্রকল্পের মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন গত ১৬/০৩/২০২১ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রকল্প কার্যলয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরজমিনে পরিদর্শন ও বিদ্যমান রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

ইত:পূর্বে আইএমইডির সহকারী পরিচালক জনাব খাদিজা আক্তার ১৮/১০/২০১৮ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেছেন।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** প্রকল্পটি বাণিজ্য মন্ত্রণালয়ের নিজস্ব জনবল ও উন্নয়ন সহযোগী সংস্থা GIZ কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। জিওবি অর্থে প্রকল্পে কোন জনবল নিয়োগ করা হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মোঃ মুসলেহ উদ্দিন	উপ প্রধান বাণিজ্য মন্ত্রণালয়	খন্ডকালীন	০২/০১/২০১৮ থেকে ৩০/০৩/২০১৯ পর্যন্ত
২।	জনাব মোঃ মাহবুবুর রব,	উপ প্রধান বাণিজ্য মন্ত্রণালয়	খন্ডকালীন	০১/০৪/২০১৯ থেকে জুন, ২০২০

১৫। প্রকল্পের ক্রয় কার্যক্রম

Package No.	Quantity	Contract Approving Authority	Source of Funds	Estd. Cost (In million Taka)	Invitation for Tender	Signing of Contract	Completion of Contract
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	
GD-1	Supply of 3 nos fire truck and Laboratory equipment	GIZ	German Govt.	349.00	Oct-Nov 18	Dec 18	June 2020
GD-2	Computer and accessory	GIZ	German Govt.	28.00	Oct-Nov 18	Dec 18	June 2020
GD-3	Office equipment including furniture and fixtures	GIZ	German Govt.	29.00	Oct-Nov 18	Dec 18	June 2020
GD-4	Telecommunication equipments	GIZ	German Govt.	15.00	Oct-Nov 18	Dec 18	June 2020
GD-5	Electric equipment, laboratory materials (DOE)	GIZ	German Govt.	98.00	Oct-Nov 18	Dec 18	June 2020
SD-1	International short-term consultants	GIZ and project	German Govt.	410.00	Nov-Dec 17	jan-Feb 18	June 2020
SD-2	National Short-term consultants	GIZ and project	German Govt.	268.00	Nov-Dec 17	jan-Feb 18	June 2020

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
বস্ত্র, তৈরী পোশাক ও চামড়া শিল্পখাতে সামাজিক ও পরিবেশগত মান উন্নয়ন ও পিছিয়ে পড়া শ্রমিকদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও প্রযুক্তিগত সহায়তা করা।	বস্ত্র, তৈরী পোশাক ও চামড়া শিল্পখাতে সামাজিক ও পরিবেশগত মান উন্নয়নের জন্য প্রকল্পের আওতায় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া, উক্ত খাতে শ্রমিকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদানের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (পিসিআর অনুযায়ী):

Internal Audit:

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/objection	Whether objections Resolved or not.
2017-18	August	Negligible	Yes
2018-19	July	Negligible	Yes
2019-2020		Report not yet Submitted	

External Audit:

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/objection	Whether objections Resolved or not.
Annually by Price Water Coopers (International team of Auditors appointed by GIZ Germany)	--	Negligible	Yes
GIZ HQ's Audit Team (Random selection of Bangladesh projects by done annually)	October 2019	Negligible	Yes

১৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

১৮.১। সমাপ্ত প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের জন্য আইএমইডি'র পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন কর্তৃক ১৬/০৩/২০২১ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন ও তথ্য-উপাত্ত প্রদানপূর্বক সহায়তা প্রদান করেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও পিসিআর/টিএপিপির আলোকে প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১৮.২। মূল প্রকল্পটি ৬৮৩৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জানুয়ারি, ২০১৮ থেকে জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০১/০৩/২০১৮ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত প্রাক্কলনে প্রকল্পটি সমাপ্ত না হওয়ায় পরবর্তিতে প্রকল্পটির প্রাক্কলন ৭১৪৩.০০ লক্ষ টাকায় নির্ধারণ করে বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৮ থেকে জুন, ২০২০ অপরিবর্তিত রেখে প্রকল্পটি সমাপ্ত করা হয়।

১৮.৩। বাংলাদেশে তৈরি পোশাক, টেক্সটাইল ও চামড়া শিল্পের আর্থ-সামাজিক ও পরিবেশগত টেকসই উন্নয়নের লক্ষ্যে GIZ-এর ৭.৮ মিলিয়ন ইউরো অনুদান সহায়তায় প্রকল্পটি গ্রহণ করা হয়। ইত:পূর্বে GIZ এর আর্থিক সহায়তায় PSES-I ও PSES-II প্রকল্প দুটি বাণিজ্য মন্ত্রণালয় ও GIZ যৌথভাবে বাস্তবায়ন সম্পন্ন করেছে। এরই ধারাবাহিকভাবে এ কারিগরি সহায়তা প্রকল্পটি গৃহীত হয়েছে।

১৮.৪। প্রকল্পের আওতায় সকল পণ্য ও সেবা ক্রয় কাজ GIZ এর নিজস্ব প্রক্রিয়া ও সংস্থার ঢাকাস্থ কার্যালয় কর্তৃক সম্পন্ন করা হয়েছে বলে প্রকল্প পরিদর্শনকালে অবহিত করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত ৫টি ব্যবসায়ী সংগঠন, যথা: BGMEA, BKMEA, BTA, LFMEAB ও BFLLFEA প্রকল্পে GIZ এর সাথে সরাসরি প্রকল্প বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ করেছে। প্রকল্পের আওতায় শিল্পখাতের আর্থ-সামাজিক ও পরিবেশগত মান উন্নয়নের লক্ষ্যে পরামর্শক কর্তৃক ২টি রোড ম্যাপ (নিটওয়্যার ও ট্যানারী খাতে) প্রণয়ন করা হয়েছে। এছাড়া, ৪টি Sustainability Report প্রণয়ন করা হয়েছে। শিল্প কারখানার বর্জ্য অপসারণ ও এ বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এছাড়া, প্রকল্পের আওতায় মানিকগঞ্জ জেলার Inclusive Job Centre (IJC) স্থাপন করা হয়েছে। বস্ত্র ও চামড়া শিল্পে কর্মরত মহিলা কর্মীদের কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে ৪টি ক্যাফে স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে ওয়ার্কশপ/সেমিনার ও সংলাপ আয়োজনের মাধ্যমে পেশাগত মানোন্নয়নের বিষয়ে ব্যবস্থা নেয়া হয়েছে মর্মে পরিদর্শনকালে জানানো হয়েছে।

১৮.৫। পরিদর্শনকালে প্রকল্পে সম্পাদিত স্টাডিসমূহের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মতব্যক্ত করা হয়েছে। প্রকল্পের আওতায় গাজীপুর ও নারায়ণগঞ্জে ফায়ার সার্ভিসের জন্য ৩টি ট্রাক সংগ্রহ করা হয়েছে। শিল্পকারখানার প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি GIZ কর্তৃক সংগ্রহ করা হয়েছে, যা বর্তমানে ব্যবহৃত হচ্ছে। উল্লিখিত যানবাহন, যন্ত্রপাতি/সরঞ্জাম যথাযথভাবে রক্ষণাবেক্ষণপূর্বক ব্যবহারের বিষয়ে পরিদর্শনকালে মত প্রকাশ করা হয়। প্রকল্পের আওতায় সরকারি-বেসরকারি স্টেকহোল্ডারদের জন্য স্থানীয়/বৈদেশিক প্রশিক্ষণ ও ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করা হয়েছে। প্রকল্পে সৃষ্ট সুবিধাদি টেকসইভাবে ব্যবহার ও এ খাতে ব্যবসায়ী প্রতিষ্ঠানের সাথে মন্ত্রণালয়ের সম্পৃক্ততা অব্যাহত রাখার বিষয়ে মত প্রকাশ করা হয়েছে।

১৮.৬। **অডিট সম্পাদন সংক্রান্ত:** কোভিড-১৯ পরিস্থিতে প্রকল্পের পিসিআরে ২০১৯-২০ অর্থবছরের ইন্টার্নাল অডিট প্রতিবেদন দাখিল না করার বিষয়ে উল্লেখ করা হয়নি। এর পূর্ববর্তী বছরের অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে বলে পিসিআরে উল্লেখ করা হয়েছে। এ প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরে অডিট প্রতিবেদন দাখিলসহ অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নেয়া প্রয়োজন। এছাড়া, GIZ কর্তৃক আন্তর্জাতিক অডিট সংস্থা দ্বারা প্রকল্পের এক্সটার্নাল অডিট সম্পাদন হয়েছে। এতে উল্লেখযোগ্য কোন অডিট ইস্যু না থাকায় নিষ্পত্তিকৃত মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

১৯। **আইএমইডি'র মতামত/সুপারিশ** :

১৯.১। প্রকল্প বাস্তবায়নে মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় ব্যয় বৃদ্ধি পেয়েছে ২২০.১৫ লক্ষ টাকা (৩.২২%)। ভবিষ্যতে মূল অনুমোদিত ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে;

১৯.২। প্রকল্পের সংগৃহীত মালামাল, যন্ত্রপাতি ও যানবাহন যথাযথভাবে সংরক্ষণপূর্বক কার্যকরভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৯.৩। প্রকল্পের ২০১৯-২০ অর্থবছরের অডিট সম্পাদনপূর্বক অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৪। প্রকল্পে সৃষ্ট সুবিধাদি ও প্রতিষ্ঠানিক উন্নয়ন টেকসইকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের সাথে মন্ত্রণালয়ের যোগাযোগ ও সম্পৃক্ততা বজায় রাখতে হবে;

১৯.৫। প্রকল্পের আওতায় সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের সুপারিশ অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৬। উপর্যুক্ত সুপারিশ অনুসারে গৃহীত ব্যবস্থার তথ্যাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

Strengthening Institutional Capacity and Human Resources Development for Trade Promotion (2nd Revised) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ফেব্রুয়ারি, ২০২০)

১। প্রকল্পের নাম: Strengthening Institutional Capacity and Human Resources Development for Trade Promotion (2nd Revised).

২। প্রকল্পের ধরন: কারিগরি সহায়তা।

৩। অর্থায়নের উৎস: WTO'র অনুদান

৩.১। উন্নয়ন সহযোগী: WTO (World Trade Organization)

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বাণিজ্য মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৬৯৩.০০	--	৬৯৩.০০	এপ্রিল, ২০১৬ হতে মার্চ, ২০১৯	০৫/০৪/২০১৬		
১ম সংশোধিত	৬৯৩.০০	--	৬৯৩.০০	এপ্রিল, ২০১৬ হতে মার্চ, ২০১৯	২৩/১১/২০১৭		
২য় সংশোধিত	৫১৯.৬৩	--	৫১৯.৬৩	এপ্রিল, ২০১৬ হতে ফেব্রুয়ারি, ২০২০	০৯/০৩/২০২০	(-) ১৯২.২৮ (২৭.৭৫%)	১১ মাস (৩০.৫৫%)
প্রকৃত ব্যয়	৫০০.৭২	--	৫০০.৭২	এপ্রিল, ২০১৬ হতে ফেব্রুয়ারি, ২০২০			

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় হ্রাসের পরিমাণ: ১৯২.২৮ লক্ষ টাকা (২৭.৭৫%)।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির পরিমাণ: ১১ মাস (৩০.৫৫%)।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

কাজের আইটেম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
ক) রাজস্ব ব্যয়:					
ন্যাশনাল শর্ট টার্ম এক্সপার্ট	জন মাস	২.৭০	২	২.৭০	২
সাপোর্ট স্টাফ	জন	৬৭.৩৮	৪	৬৪.৬৫	৪
বৈদেশিক প্রশিক্ষণ	টি	৭৪.৮৬	২	৭৪.০৫	২
স্থানীয় প্রশিক্ষণ/মিটিং/ওয়ার্কশপ	টি	১৯৮.৭৭	৫২	১৯৮.৫৪	৫২
ফরেন ট্রাভেল মিশন	থোক	৩৫.৪৮		৩৪.৬৭	

কাজের আইটেম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
ম্যানেজমেন্ট চার্জ/সান্ড্রিস/ আদার এক্সপেন্সেস	থোক	১৯.৩৭		১৮.৩২	
স্টেশনারিজ	থোক	১.০০		০.৮৬	
ভেহিকেল রেন্ট	টি	২১.০৯	১	২০.৯৯	১
সার্ভিস স্টাডি	টি	৪৬.২০	১	৪৬.২০	১
এনটিবি স্টাডি	টি	১৪.৭৯	১	১৪.৭৯	১
মোট=		**৪৮১.৬৪**		**৪৭৫.৭৭**	
খ) মূলধন ব্যয়:					
কম্পিউটার এন্ড এক্সেসরিজ	থোক	১৪.০৯		১৩.৩১	
কম্পিউটার সফট্ওয়্যার	থোক	১২.০০		০.০০	
অফিস ইকুইপমেন্ট এন্ড টেলিকমিউনিকেশন ইক্যুইপমেন্ট	থোক	১১.৯০		১১.৬৪	
মোট=		**৩৭.৯৯**		**২৪.৯৫**	
সর্বমোট =		**৫১৯.৬৩**		**৫০০.৭২**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: টিএপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের সংশোধিত টিএপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরজমিনে প্রকল্প কার্যালয় পরিদর্শন;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ বাণিজ্য সম্পর্কিত বিষয়ে মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি করা;
- ❖ সমীক্ষার মাধ্যমে সেবা খাতের সম্ভাব্য রপ্তানি বাজার চিহ্নিতকরণ;
- ❖ সমীক্ষার মাধ্যমে বাংলাদেশী পণ্য বিদেশে রপ্তানির ক্ষেত্রে যে সকল নন-ট্যারিফ ব্যারিয়ার এর সম্মুখীন হচ্ছে তা চিহ্নিত করা; এবং
- ❖ বাণিজ্যকে জাতীয় উন্নয়ন পরিকল্পনার মূল ধারায় অন্তর্ভূক্তকরণ।

৯.১। **প্রকল্পের পটভূমি:** ডব্লিউটিও এর আওতায় আইএমএফ, বিশ্ব ব্যাংক, আঙ্কটাড, ইউএনডিপি এবং আইটিসি এর সমন্বিত অর্থায়নে স্বল্পোন্নত দেশসমূহের বাণিজ্য সক্ষমতা বৃদ্ধির জন্য WTO'র আওতায় Enhanced Integrated Framework (EIF) নামক একটি সংস্থা গঠন করা হয়। বাংলাদেশ ২০০৯ সালে উক্ত সংস্থায় যোগদান করে। ইত:পূর্বে দেশের বাণিজ্যিক সক্ষমতার প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণের লক্ষ্যে Diagnostic Trade Integration Study (DTIS) নামক একটি স্টাডি সম্পন্ন করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য এ প্রকল্পটি প্রস্তাব করা হয়। এতে তিন বছরে ইআইএফ হতে নয় লক্ষ ইউএস ডলার (৬ কোটি ৯৩ লক্ষ টাকা) প্রদান করা হবে। এ বিষয়ে ৪ নভেম্বর ২০১৫ তারিখে ইআইএফ এর ট্রাস্ট ফান্ড ম্যানেজার UNOPS এর সাথে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে প্রকল্পের ওপর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর ফলশ্রুতিতে এ কারিগরী সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** মূল প্রকল্পটি ৬৯৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৬ থেকে মার্চ, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৫/০৪/২০১৬ তারিখে অনুমোদিত হয়। পরবর্তিতে প্রকল্পটির ২ বার সংশোধন করা হয়েছে ও প্রকল্পের বাস্তবায়নকাল এপ্রিল, ২০১৬ থেকে মার্চ, ২০১৯ এর পরিবর্তে এপ্রিল, ২০১৬ থেকে ফেব্রুয়ারি, ২০২০ নির্ধারণ করে প্রকল্পটি সমাপ্ত করা হয়।

১১। প্রকল্প পরিদর্শন: সমাপ্ত প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন গত ১০/০৩/২০২১ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রকল্প কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে ইত:পূর্বে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে আইএমইডি থেকে সহকারী পরিচালক জনাব খাদিজা আক্তার ও মোল্যা সোহাগ হোসেন কর্তৃক গত ২৫/১১/২০১৮ এবং ২০/০৮/২০১৯ তারিখে তারিখে সরজমিনে পরিদর্শন করেছেন।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব হিসেবে তাঁর পালন করেছেন। এছাড়া, প্রকল্পে ৪ জন সহায়ক জনবল প্রকল্পকালীন সময়ের জন্য নিয়োগ করা হয়েছে।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব শুভাশীষ বসু ৭৪১৫	মহাপরিচালক (ডব্লিউটিও সেল)	খন্ডকালীন	২৫/০৪/২০১৬ থেকে ১৩/০৩/২০১৭ পর্যন্ত
২।	জনাব মোঃ মুনীর চৌধুরী ২৩৪১	মহাপরিচালক (ডব্লিউটিও সেল)	খন্ডকালীন	১৪/০৩/২০১৭ থেকে ১৩/০৬/২০১৯ পর্যন্ত
৩।	জনাব মোঃ কামাল হোসেন ৪১২৭	মহাপরিচালক (ডব্লিউটিও সেল)	খন্ডকালীন	২৫/০৭/২০১৯ থেকে ২৭/০২/২০২০ পর্যন্ত

১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম: (কার্য ও পণ্য ক্রয় ২০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে ও সেবা ক্রয় ১০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে)

প্রকল্পে ২০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কোন ক্রয় কার্য ও পণ্য ক্রয় করা হয়নি ও সেবাখাতে ১০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কোন ব্যয় সম্পাদিত না হওয়ায় পিসিআরে ছকে এ বিষয়ে কোন তথ্যাদি প্রদান করা হয়নি।

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

উদ্দেশ্য	অর্জন
ক) বাণিজ্য সম্পর্কিত কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা;	ক) এ প্রকল্পের আওতায় স্থানীয়/বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।
খ) সমীক্ষার মাধ্যমে সেবা খাতের সম্ভাব্য রপ্তানি বাজার চিহ্নিত করণ;	খ) দুইটি সমীক্ষা সম্পাদনের মাধ্যমে সম্ভাব্য রপ্তানি বাজার, সমস্যা ও সম্ভাবনা চিহ্নিত করা হয়েছে।
গ) সমীক্ষার মাধ্যমে বাংলাদেশী পণ্য বিদেশে রপ্তানির ক্ষেত্রে যে সকল নন-ট্যারিফ ব্যারিয়ার এর সম্মুখীন হচ্ছে তা চিহ্নিত করা; এবং	গ) পণ্য রপ্তানীর বাধাসমূহ চিহ্নিত করা হয়েছে ও এ সম্পর্কে করণীয় বিষয়ে সুপারিশ করা হয়েছে।
ঘ) বাণিজ্যকে জাতীয় উন্নয়ন পরিকল্পনার মূল স্রোতধারায় অন্তর্ভুক্তকরণ।	ঘ) বাণিজ্যকে জাতীয় উন্নয়ন পরিকল্পনার মূল স্রোতধারায় অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (পিসিআর অনুযায়ী):

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/objection	Whether objections Resolved or not.
2016-17	27/05/2018	Title: Claimed amounting to tk.67.28 Lakh was not made within stipulated time.	Reply to Audit Objection is Pending in FAPAD.
2017-18	17/07/2019	Title: Supporting documents regarding payment of tk. 21,02,500.00 (Twenty one lakh two thousand five hundred taka) were not presented before audit.	Reply to Audit Objection is Pending in FAPAD.
		Title: Expenditure incurred tk. 4,49,210/- (Four lakh forty nine thousand two hundred ten) beyond TAPP.	Reply to Audit Objection is Pending in FAPAD.
		Title: Expenditure incurred Tk. 3,23,285/- (Three lakh twenty three thousand two hundred eighty five) for non-project activities.	Reply to Audit Objection is Pending in FAPAD.
		Title: Financial progress of the project was not achieved as per TAPP.	Reply to Audit Objection is Pending in FAPAD.

১৮। **<u>পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:</u>**

১৮.১। বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর কারিগরি সহায়তায় বাণিজ্য মন্ত্রণালয়ের WTO cell এর মাধ্যমে বাস্তবায়নের জন্য এ প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো বাণিজ্য সম্পর্কিত বিষয়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা, সমীক্ষার মাধ্যমে সেবা খাতের সম্ভাব্য বাজার চিহ্নিত করা ও প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি করা। মূল কারিগরি সহায়তা প্রকল্পটি ৬৯৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও এপ্রিল, ২০১৬ হতে মার্চ ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ০৫/০৪/২০১৬ তারিখে অনুমোদিত হয়েছে। পরবর্তিতে প্রকল্পের ১ম সংশোধিত টিএপিপি ৬৯৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও এপ্রিল, ২০১৬ হতে মার্চ, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২৩/১১/২০১৭ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পের ২য় সংশোধিত টিএপিপি ৫১৯.৬৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও এপ্রিল, ২০১৬ হতে ফেব্রুয়ারি, ২০২০ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ০৯/০৩/২০২০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

১৮.২। WTO এর Enhanced Integrated Framework (EIF) এর ০.৯০ মিলিয়ন USD অনুদানে প্রকল্পটি গৃহীত হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের WTO cell প্রকল্পটি বাস্তবায়ন করেছে ও ৪ বছরে WTO cell-এর

৩ জন মহাপরিচালক প্রকল্প পরিচালক পদে দায়িত্ব পালন করেছেন। অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ অনুসারে প্রকল্পে ৪ জন সহায়ক জনবল নিয়োগ প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় মোট ২৫ জন কর্মকর্তা ভারত ও থাইল্যান্ডে ২টি বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। এছাড়া, প্রকল্পের আওতায় ৫২টি স্থানীয় প্রশিক্ষণ ও ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে। এতে সরকারি ও বেসরকারি খাতের মোট ১৭০০ জন অংশগ্রহণ করেছেন বলে পিসিআরে উল্লেখ করা হয়েছে। কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় বাণিজ্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণের ব্যয় নির্বাহ করা হয়েছে বলে জানানো হয়েছে। প্রকল্পের আওতায় প্রয়োজনীয় অফিস সরঞ্জাম, যন্ত্রপাতি ইত্যাদি ক্রয় করা হয়েছে, যা বর্তমানে মন্ত্রণালয়ের বিভিন্ন উইং এ ব্যবহৃত হচ্ছে বলে পরিদর্শনকালে জানানো হয়। প্রকল্পের সকল ক্রয় কার্যক্রম অনুমোদিত টিএপিপি'র সংস্থানের মধ্যে সম্পন্ন করা হয়েছে।

১৮.৩। প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) কর্তৃক ২টি সমীক্ষা সম্পাদন করা হয়েছে। এগুলো হলো: (ক) Export Potentials of Trade in Services in Bangladesh; Identifying the Opportunities and Challenges (Service Study). (খ) Identification of Non-Tariff Barriers faced by Bangladesh in Exporting Potential Exportable products to major export markets (NTB Study). পরিদর্শনকালে উল্লিখিত সমীক্ষা প্রতিবেদনের ওপর পর্যালোচনা করা হয়েছে ও প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য মতব্যক্ত করা হয়। পরিদর্শনকালে জানানো হয় যে, বর্তমানে এ প্রকল্পের Follow up প্রকল্প গ্রহণের বিষয়ে WTO এর সাথে আলোচনা চলমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি পেয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকল্পে অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য মত প্রকাশ করা হয়। এ বিষয়ে FAPAD এর সম্পাদিত অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পের ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের অডিট বিষয়ে পিসিআরে উল্লেখ নেই। এ বিষয়ে অডিট সম্পাদন ও অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে FAPAD এর সাথে যোগাযোগ অব্যাহত রাখা প্রয়োজন বলে প্রতীয়মান হয়েছে।

১৯। **আইএমইডি'র মতামত/সুপারিশ** :

১৯.১। মূল প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩০.৫৫%। ভবিষ্যতে মূল অনুমোদিত প্রকল্পের মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে;

১৯.২। প্রকল্পের আওতায় সম্পাদিত ২টি স্টাডির সুপারিশ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩। প্রকল্প বাস্তবায়নকালে ৪ বছরে ৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহারকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৪। FAPAD কর্তৃক প্রকল্পটির ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের অডিট কার্যক্রম সম্পাদন করতে হবে এবং প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৫। উপযুক্ত সুপারিশ অনুসারে গৃহীত ব্যবস্থার তথ্যাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।